

“শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার কার্যালয়
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন : (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : (+৮৮০-২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা/ভর্তি:২০২০-২১ (GST গুচ্ছ)/ ১১১১

তারিখ: ১৭ জানুয়ারি, ২০২২


বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে কোটায় ভর্তির জন্য সাক্ষাৎকারে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ফলাফল ও ভর্তির পূর্বঘোষিত সময়সূচি **অনিবার্য কারণবশত** পরিবর্তন পূর্বক নিম্নছকে বর্ণিত ভাবে পুনর্নির্ধারণ করা হলো:

কোটার ধরন	ফলাফল প্রকাশের তারিখ	ভর্তি ফিস ও কাগজপত্রাদি জমা দেওয়ার সময়সূচি
মুক্তিযোদ্ধা ও অন্যান্য সকল কোটা	২৭ জানুয়ারি ২০২২	২৯ জানুয়ারি ২০২২ থেকে ৩১ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত।

- ❖ ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীকে **Nagad** বা **Rocket** বা **Sure Cash** মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ভর্তি ফিস জমা দিতে হবে।
- ❖ শিক্ষার্থীকে ভর্তির জন্য মনোনয়ন প্রাপ্ত বিভাগে নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে:
 - (ক) GST গুচ্ছের ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র;
 - (খ) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও ৪ (চার) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
 - (গ) SSC/সম্মান পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
 - (ঘ) HSC/সম্মান পরীক্ষার মূল সনদপত্র/নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত প্রশংসা পত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
 - (ঙ) কোটার সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি।
- ❖ ইনস্টিটিউটের পরিচালক/বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রাদি বিভাগীয় শিক্ষকদের সহযোগিতায় যাচাই-বাছাই পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ❖ সকল অনুষদ, ইনস্টিটিউট ও বিভাগীয় দপ্তরে শেয়ারকৃত অনলাইন প্যানেলে ভর্তিকৃত/বাতিলকৃত শিক্ষার্থীদের তথ্যাদি যথাসময়ে ও সতর্কতার সাথে ইনপুট দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
- ❖ ভর্তি হওয়া শিক্ষার্থীদের কাগজপত্রাদি যাচাইয়াস্তে (মূলকপি সংরক্ষণপূর্বক) সংশ্লিষ্ট ইনস্টিটিউটের পরিচালক/বিভাগীয় চেয়ারম্যান নামের তালিকা তৈরি করে অনুষদের ডীন-এর মাধ্যমে রেজিস্ট্রার দপ্তরে প্রেরণ করবেন। রেজিস্ট্রার দপ্তর শিক্ষার্থীদের কাগজপত্রাদি যাচাইয়াস্তে আইডি নম্বর প্রদানপূর্বক নামের তালিকা পরবর্তী কার্যার্থে ইনস্টিটিউট/বিভাগসমূহে প্রেরণ করবে।
 - ভর্তি সংক্রান্ত তথ্য <http://admission.jnu.ac.bd> এবং www.jnu.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,


(প্রকৌশলী মোঃ জহিদুজ্জামান)
রেজিস্ট্রার

তারিখ: ১৭ জানুয়ারি, ২০২২

জবি/প্রশা/ভর্তি:২০২০-২১ (GST গুচ্ছ)/ ১১১১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

১. ডীন, সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. পরিচালক, সকল ইনস্টিটিউট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৬. পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৭. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. উপ-পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৯. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. অফিস/সংরক্ষণ নথি।


১৭.০১.২০২২

(মো: আল হেলাল উদ্দিন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)